
শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



# ঈশ্বর থেকে প্রেরিত এক ব্যক্তি

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Alastair Paterson; Byron Unger; Lazarus
অভিযোজন: E. Frischbutter; Sarah S.
অনুবাদক: Manab Biswas


প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada


©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।




একদিন ঈশ্বরের মন্দিরের ভেতরে, সখরিয় নামে এক বৃদ্ধ পুরোহিত ধূপ জ্বালাচ্ছিল। বাইরে লোকজন প্রার্থনা করছিল। হঠাৎ সখরিয় কাঁপতে লাগল।





একজন স্বর্গদূত এসেছিল, তিনি বললেন, “ভয় কোরো না, ঈশ্বর আমাকে পাঠিয়েছেন, তোমার স্ত্রী এক পুত্র সন্তান প্রসব করবে, তার নাম হবে যোহন। সে জন্ম থেকে পবিত্র আত্মায় পূর্ণ হবে এবং অনেককে ঈশ্বরের পথে ফেরাবে।”
3


বাইরে দাঁড়িয়ে থাকা লোকেরা অবাক হয়ে গেল, তারা বলল, “সখরিয়, আমাদের সাথে কথা বলুন।” তারা জানত না যে, গ্যাব্রিয়েল স্বর্গদূত সখরিয়কে বলেছিল যে, যতদিন না তার সন্তান জন্মগ্রহণ করবে, ততদিন সে কথা বলতে পারবে না। কারণ সখরিয় ঈশ্বরের বার্তা বিশ্বাস করেনি। সে ভেবেছিল যে, সন্তান জন্ম দেবার জন্য তার স্ত্রীর যথেষ্ট বয়স হয়েছে।
4


স্বর্গদূত তাকে যা বলেছিল, ঘরের মধ্যে সখরিয় সমস্ত বিষয় লিখল। তার স্ত্রী ইলীশাবেৎ অবাক। তারা সবসময়ে সন্তান হওয়ার জন্য প্রার্থনা করত। এখন কি হতে পারে?
5


শীঘ্র ইলীশাবেৎ জানতে পারল যে, তার গর্ভে একটি সন্তান আসছে। সে ঈশ্বরের ধন্যবাদ করল। একদিন ইলীশাবেতের বোন মরিয়ম তাকে দেখতে এল। মরিয়মও গর্ভবতী ছিল।
6


মরিয়ম পৌঁছাতেই ইলীশাবেতের গর্ভের সন্তান নড়ে উঠল। ইলীশাবেৎ পবিত্র আত্মায় পূর্ণ হল। সে জানত যে, মরিয়মের সন্তান হবে প্রভু যীশু খ্রীস্ট। একসাথে দুই মহিলা আনন্দ সহকারে ঈশ্বরের প্রশংসা করল।
7



ঈশ্বরের প্রতিজ্ঞা অনুসারে ইলীশাবেতের সন্তান জন্মাল। অন্য পুরোহিতেরা বলল, “ওর বাবার নাম অনুসারে ওর নাম সখরিয় দেওয়া হোক।” কিন্তু সখরিয় ঈশ্বরের আদেশ মনে রেখেছিল, সে লিখল, “না, ওর নাম যোহন।” সেই কথা লেখার সাথে সাথে সখিরয়র মুখ খুলে গেল। সে ঈশ্বরের প্রশংসা করল।
8

যোহন যখন বড়ো হতে লাগল, সে ঠিক এলিয়ের মতো হতে লাগল। এলিয় ঈশ্বরের এক মহান ব্যক্তি ছিলেন। যোহন বলতে লাগল, তোমাদের আশীর্বাদ করতে মশীহ আসছে। যিহূদী নেতারা তাকে ঘৃণা করতে লাগল, কারণ সে তাদের বলেছিল, “অনুতাপ কর, পাপ থেকে দূরে থাক।” কিন্তু তারা তাদের পাপের সম্বন্ধে শুনতে চাইছিল না।



9

আর অন্য লোকেরা তাকে বাপ্তিস্মদাতা যোহন বলে ডাকতে লাগল। কারণ তিনি তাদের জলে বাপ্তিস্ম দিতেন এই প্রকাশের জন্য যে, তারা তাদের পাপের জন্য দুঃখিত। একদিন যীশু বাপ্তিস্ম নেওয়ার জন্য যোহনের কাছে এলেন। যোহন বলল, “আপনি আমাকে বাপ্তাইজিত করুন।” কিন্তু যীশু বললেন, “যা হচ্ছে, তা হতে দাও”, এবং যোহন যীশুকে বাপ্তিস্ম দিলেন।



10

যীশুর বাপ্তিস্ম হওয়ার পর, যোহন দেখল পবিত্র আত্মা কপোতের ন্যায় যীশুর উপরে নেমে এলেন। এটা ছিল ঈশ্বরের চিহ্ন। যোহন জানত যে, যীশু ঈশ্বরের পুত্র। তিনি যীশুকে ‘ঈশ্বরের মেষশাবক’ নামে ডাকতেন, যিনি পৃথিবীর পাপ সরিয়ে দেবেন।



11

যোহন অনেক মানুষকে ঈশ্বরের পথে নিয়ে এসেছিলেন, কিন্তু দুষ্ট রাজা হেরোদ যোহনকে কারাগারে বন্ধ করে দিল। কারণ যোহন হেরোদকে বলেছিল, “তুমি তোমার ভাইয়ের স্ত্রীকে তোমার কাছে রেখে পাপ করছ।” হেরোদ জানত যে, তা সত্য। সে জানত, যোহন ঈশ্বরের একজন সেবক, ন্যায় আর পবিত্র লোক। কিন্তু সে পাপ থেকে নিজেকে বার করতে চাইছিল না। আর যোহনও পাপের বিরুদ্ধে প্রচার করা থামাবে না, যদিও তাকে জেলে যেতে হোক না কেন।




12

তার জন্মদিনে হেরোদ একটা বড়ো অনুষ্ঠান করেছিল। হেরোদের মেয়ে তার জন্য নাচ করেছিল। হেরোদ খুশি হয়ে প্রতিজ্ঞা করল, “তুমি যা চাইবে, তাই পাবে; এমনকি আমার রাজ্যের অর্ধেকও।”



13



মেয়েটি আশ্চর্য হয়ে গেল, “আমি কী চাইব?” তার দুষ্ট মা হেরোদিয়াস, যোহনকে পছন্দ করত না। সে তাকে বলে দিল কী চাইতে হবে। আর সেটা ছিল এক ভয়ঙ্কর চাওয়া।

14

মেয়েটি হেরোদকে বলল, “আমাকে একটা থালায় করে যোহন বাপ্তাইজকের মাথা দাও।” তার প্রতিজ্ঞার জন্য হেরোদ দুঃখিত হয়েছিল, কিন্তু অহঙ্কারের জন্য তা ভাঙ্গা অসম্ভব ছিল। হেরোদ আদেশ দিল, “যোহেনের মাথা কাট ও এখানে নিয়ে এস।” তার সৈন্যরা তার কথা মান্য করল।



15

যোহনের দুঃখার্ত বন্ধুরা ঈশ্বরের সাহসী ও বিশ্বস্ত সেবককে কবর দিল। ঈশ্বরের জন্য যোহনের কাজ করা শেষ হয়ে গেল। বোধহয় তারা জানত যে, তাদের দুঃখে যীশু তাদের সান্ত্বনা দেবেন।



16

ঈশ্বর থেকে প্রেরিত এক ব্যক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মার্ক ৬; লুক ১, ৩

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

17




37

60

18

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬

19